2 0 JAN 2017
20

দৈনিক
ইত্তেফাক

# চট্টগ্রামে স্কুলে শিক্ষা বাণিজ্য অভিভাবকদের নাভিশ্বাস

■ শামীম হামিদ, চট্টগ্রাম অফিস

প্রশাসনের পক্ষ থেকে সতর্ক করে দেয়ার পরও চট্টগ্রামের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা বাণিজ্য রোধ করা যাচ্ছে না। ভর্তি, পুনঃভর্তি, টিসি গ্রহণ ও এসএসসির ফরম পূরণ এবং সমাপনী পরীক্ষাসহ নানা ক্ষেত্রে অতিরিক্ত অর্থ আদায় চলছেই। সন্তানের লেখাপড়ার খরচ জোগাতে সীমিত আয়ের লোকজনকে হিমশিম খেতে হচ্ছে।

ভুক্তভোগী অভিভাবকরা অভিযোগ করেছেন, নগরীর অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান ফি আদায়ের ব্যাপারে সরকারি নীতিমালা পৃষ্ঠা ২ কলাম ৬

## চট্টগ্রামে স্কুলে

২০ পৃষ্ঠার পর

মানছে না। নীতিমালায় ভর্তি ফি অনূর্ধ্ব তিন হাজার টাকার কথা বলা থাকলেও ৬৩ হাজার টাকা পর্যন্ত নেয়া হচ্ছে। টিসির জন্য নেয়া হচ্ছে পাঁচ থেকে ১০ হাজার টাকা। সেশন ফি আদায়েও স্বেচ্ছাচারিতার পরিচয় দিচ্ছে শিক্ষা প্রতিষ্ঠান। অভিভাবকদের সাথে আলোচনা করে সেশন ফি নির্ধারণ করে তা জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে– চট্টগ্রামে গত বছর এ ধরনের একটি নীতিমালা করেছিল জেলা প্রশাসন। কিন্তু ক্যাব সূত্রে জানা গেছে, বাস্তবে চট্টগ্রামের কোনো শিক্ষা প্রতিষ্ঠানই এই নীতিমালা অনুসরণ করেনি। মাত্র তিনটি প্রতিষ্ঠান এজন্য আবেদন করলেও প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব বিবরণী চাওয়ার পর তারা আর প্রশাসনের ধারে-কাছেও যায়নি। এদের বিষয়ে প্রশাসন কোনো ব্যবস্থাও নেয়নি।

স্কুলে বেপরোয়া বাণিজ্য রোধে গত মঙ্গলবার জেলা প্রশাসকের কার্যালয়ে চট্টগ্রামের সরকারি, স্বায়ত্তশাসিত, ব্যক্তি মালিকানাধীন, সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রধান ও শিক্ষা প্রশাসনের সাথে জড়িতদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত ফি নেয়া বন্ধে পাঁচজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে তদারকি টিম করার সিদ্ধান্ত হয়। এসব কমিটিকে ১০ দিনের মধ্যে চট্টগ্রামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন খাতে অতিরিক্ত ফি আদায়ের বিষয়টি খতিয়ে দেখতে বলা হয়। গতকাল বৃহস্পতিবার থেকে এসব কমিটি মাঠ পর্যায়ে নেমেছে। প্রথমদিনে পাঁচজন ম্যাজিস্ট্রেট নগরীর নয়টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। পরিদর্শকদল স্কুল কর্তৃপক্ষ এবং অভিভাবকদের সাথে কথা বলে তাদের মতামত ও তথ্য সংগ্রহ করে।

পরিদর্শনশেষে জেলা প্রশাসনের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, 'চিটাগং গ্রামার স্কুল' পরিদর্শনে গিয়ে দেখা যায় সেখানে ভর্তি ফি নেয়া হচ্ছে ৬৩ হাজার টাকা। 'বাংলাদেশ মহিলা সমিতি স্কুলে' প্রথম শ্রেণিতে সেশন ফি নেয়া হচ্ছে ১০ হাজার টাকা। 'মেরন সান স্কুলে' টিসির জন্য নেয়া হচ্ছে পাঁচ হাজার ৫০০ টাকা। তবে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজসহ হাতেগোনা কয়েকটি প্রতিষ্ঠানে সন্তোষজনক চিত্র দেখতে পাওয়া যায় বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।